



পল্লী সঞ্চয় ব্যাংক  
প্রধান কার্যালয়

শেখ হাসিনাই রূপকার  
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

পসব্য/প্রকা/প্রশা-১(১৫)/২০২২-২৩/ ১৪৮৬

তারিখঃ ১২/০৬/২০২৩ খ্রি.

**নিয়োগ বিজ্ঞপ্তি**

পল্লী সঞ্চয় ব্যাংকে নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের জন্য নামের পাশে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

পদের নাম ও বেতনক্রম (জাতীয় বেতন স্কেল ২০১৫)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য তথ্য	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
অফিস সহায়ক শ্রেণি-২০ বেতনস্কেলঃ ৮২৫০-২০০১০/- এবং তৎসহ নিয়ম অনুযায়ী অন্যান্য সুবিধা।	৪৯২ (চারশত বিরানকই)	কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	সকল জেলা
নিরাপত্তা প্রহরী শ্রেণি-২০ বেতনস্কেলঃ ৮২৫০-২০০১০/- এবং তৎসহ নিয়ম অনুযায়ী অন্যান্য সুবিধা।	৭২ (বাহাত্তর)	ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। খ) সূঠাম দেহের অধিকারী হতে হবে।	হবিগঞ্জ, বগুড়া, সিলেট, ঠাকুরগাঁও, চুয়াডাঙ্গা, মৌলভীবাজার, মাদারীপুর, সাতক্ষীরা, ঝিনাইদহ, খুলনা, রাজশাহী, নীলফামারী, চাঁদপুর, চাঁপাইনবাবগঞ্জ, নরসিংদী, মুন্সীগঞ্জ, যশোর, লক্ষ্মীপুর, পাবনা, টাঙ্গাইল, ব্রাহ্মণবাড়িয়া, গাইবান্ধা, কুষ্টিয়া, জামালপুর, সিরাজগঞ্জ, রংপুর, নোয়াখালী, নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, কুমিল্লা, গাজীপুর, চট্টগ্রাম এবং ঢাকা জেলা। তবে সকল জেলার যোগ্য এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণ আবেদন করতে পারবেন।

**শর্তাবলী :**

- আগ্রহী প্রার্থীদেরকে ২০/০৬/২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে ১৫/০৭/২০২৩ বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত শুধুমাত্র <http://psb.teletalk.com.bd> ওয়েবসাইটে Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।
- বয়স সীমা (১৫ জুলাই, ২০২৩ অনুযায়ী):  
ক. আবেদনকারী প্রার্থীগণের বয়সসীমা ১৮-৩০ বছর;  
খ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর;  
গ. বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;  
ঘ. তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর, ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর স্মারক অনুযায়ী আবেদনকারীর বয়স ২৫ মার্চ, ২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন।
- নিয়োগের ক্ষেত্রে সরকারী বিদ্যমান বিধিবিধান, নীতিমালা/কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত আবেদনের প্রিন্ট কপিসহ সত্যায়িত এক সেট সনদপত্র দাখিল করতে হবে। স্থায়ী ঠিকানার প্রমাণক হিসেবে স্থানীয় কর্তৃপক্ষের (ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন) সনদপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যা, শারীরিক প্রতিবন্ধী, এতিমখানা নিবাসী, উপজাতি, আনসার-ভিডিপি ইত্যাদি কোটায় আবেদনকৃত প্রার্থীদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে সনদপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের বিষয়ে সরকারী নির্দেশনা অনুযায়ী প্রমাণপত্র দাখিল করতে হবে।
- চাকরিরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। মৌখিক পরীক্ষার সময় ৫ নম্বর ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিলের সময় তাদের স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে হবে।
- অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- পল্লী সঞ্চয় ব্যাংকের ওয়েবসাইট <http://www.pallisanchaybank.gov.bd> ও টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইট <http://psb.teletalk.com.bd> এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী পাওয়া যাবে।

নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ আলা উদ্দিন)

মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)

পল্লী সঞ্চয় ব্যাংক

ও

সদস্য সচিব, বাছাই কমিটি